ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/রোভার স্কাউট/কর্মশালা/প্রশিক্ষণ/মতবিনিময় সভা/২৭/২০২৫/৯৮ তারিখ: ১৩.০৭.২৬

বিষয়: রোভার স্কাউট লিডার বেসিক কোর্সে প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসংগে।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় নিম্নোক্ত স্থান ও তারিখে ৫ দিন ব্যাপি ২য় ব্যাচে রোভার স্কাউট লিডার বেসিক র্কোস নিম্ন বর্নিত শিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| ব্যাচ- ২য় | | |
|---|---|---|
| কোর্স অনুষ্ঠানের তারিখ | : | ০৫-০৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ |
| কোর্সের স্থান | : | রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর, গাজীপুর। |
| বিভাগের নাম | : | ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগ। |

কোর্সে অংশগ্রহণের নিয়মাবলী :

১. উক্ত রোভার স্কাউট লিডার বেসিক কোর্সে ইতোপূর্বে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স সম্পন্নকারী (এক মাস দল গঠন/পরিচালনা/ সম্পৃক্ত থাকা) মাদরাসা/কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের ৪২ (বিয়াল্লিশ) জন শিক্ষক অংশগ্রহণ করতে পারবে;
২. ইতোপূর্বে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স সম্পন্নকারী শিক্ষক উক্ত রোভার স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে আব্যশিক ভাবে অংশগ্রহণ করতে হবে;
৩. ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগ ব্যতীত স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স সম্পন্নকারী অন্যান্য বিভাগের শিক্ষকগণ বিশ্ববিদ্যালয়ের অনুমতি সাপেক্ষে উক্ত রোভার স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে অংশগ্রহণ করতে পারবে।
৪. চূড়ান্ত ভাবে মনোনীতদের ০৫ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখে অবশ্যই সকাল ৮.০০ টার মধ্যে কোর্স অনুষ্ঠান স্থানে উপস্থিত হয়ে কোর্স লিডারের নিকট রিপোর্ট করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠান থেকে অনুমতি পত্র, সময়োপযোগী বিছানাপত্র, ওরিয়েন্টেশন কোর্সের সনদের ফটোকপি, ব্যক্তিগত ব্যবহার্য কাপড়-চোপড় ও দ্রব্যাদি, পিটিস্যু, ট্র্যাকসুট, জ্যামিতি বক্স, সাদা কাগজ, একটি ক্লিপ বোর্ড, প্লেট, গ্লাস/মগ এবং ১২ ফুট লম্বা ও কোয়ার্টার ইঞ্চি মোটা এক খন্ড পাটের দড়ি অবশ্যই সংগে আনতে হবে;
৫. প্রশিক্ষণ এলাকায় উপস্থিত হয়ে কোর্সের জন্য প্রশিক্ষণার্থীদের মাথাপিছু কোর্স ফি ১০০০/-ও বাংলাদেশ স্কাউটসের মাসিক অগ্রদূত পত্রিকার বার্ষিক গ্রাহক ফি ২৪০/- টাকা এবং বই, খাতা বাবদ ৪১৫/- টাকাসহ সর্বমোট ১৬৫৫/- টাকা (এক হাজার ছয়শত পঞ্চান্ন) টাকা জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। কোর্স কর্তৃপক্ষ কোর্স চলাকালীন অংশগ্রহণকারীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করবেন;
৬. অংশগ্রহণকারীগণ কোর্স ফি এবং যাতায়াত বাবদ প্রকৃত খরচ শিক্ষা মন্ত্রনালয়ের পরিপত্র অনুযায়ী নিজ নিজ প্রতিষ্ঠানের রোভার স্কাউট তহবিল থেকে বহন করা যাবে;
৭. যেকোন তথ্য/প্রয়োজনে জনাব মিজানুর রহমান, সহকারী মাদরাসা পরিদর্শক, মোবাইল নম্বর: ০১৭১২৪১৭১৭৭ এর সাথে যোগাযোগ করা যেতে পারে;
৮. উক্ত কোর্সে বিভাগ ভিত্তিক আপনার প্রতিষ্ঠানের ওরিয়েন্টশন কোর্স সম্পন্নকারী শিক্ষক (যদি থাকে) তাঁদের নাম রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা সরাসরি অথবা **roverscoutsbd.iau@gmail.com ই-মেইলে আগামী ২০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ** তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। যেকোন তথ্য/প্রয়োজনে জনাব মিজানুর রহমান, সহকারী মাদরাসা পরিদর্শক, মোবাইল নম্বর: ০১৭১২৪১৭১৭৭ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৩.০৭.২৬

প্রফেসর ড. এ.কে মুহা: নুরুল ইসলাম
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল : ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল:iauregistr@gmail.com

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।
ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগ।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/রোভার স্কাউট/কর্মশালা/প্রশিক্ষণ/মতবিনিময় সভা/২৭/২০২৫/৯৮(৬) তারিখ: ১৩.০৭.২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল।
২. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৩. প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইআবি, ঢাকা।
৫. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. অফিস নথি।

১৩/০৭/২৬
মো: রুমী কিসলু
সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
ও
সদস্য সচিব, রোভার স্কাউট কমিটি
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়